গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা,

www.powerdivision.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.০৫.০০০৯.২৬.৭৮

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

অফিস আদেশ

আগামী গ্রীষ্ম মৌসুম শুরুর পূর্বেই ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা থেকে ৩,০০০-৪,০০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাগণকে নিম্নোক্ত জেলা অনুযায়ী দায়িত্ব প্রদান করা হলো।

বিভাগ (জেলার সংখ্যা) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম	জেলার নাম
ঢাকা বিভাগ (১৩) কে.এম আলী রেজা অতিরিক্ত সচিব	উম্মে রেহানা, যুগ্মসচিব	ঢাকা, রাজবাড়ী
	মোহাম্মদ খালেকুজ্জামান, যুগ্মসচিব	গাজীপুর, টাঙ্গাইল
	রোকসিন্দা ফারহানা, যুগ্মসচিব	নারায়ণগঞ্জ, নরসিংদী, মানিকগঞ্জ
	সাইফুল ইসলাম, উপসচিব	ফরিদপুর, মুন্সীগঞ্জ, কিশোরগঞ্জ
	রুনা লায়লা, উপসিচব	গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর
চট্টগ্রাম বিভাগ (১১) মোসাম্মাৎ জোহরা খাতুন অতিরিক্ত সচিব	ড. মোহাম্মদ আমজাদ হোসেন, যুগ্মসচিব	কক্সবাজার, বান্দরবান ব্রাহ্মণবাড়িয়া
	মোহাম্মদ সোলায়মান, উপসচিব	কুমিল্লা, চট্টগ্রাম
	মেহেদী হাসান, উপসচিব	নোয়াখালী, লক্ষ্মীপুর, খাগড়াছড়ি
	মোহাম্মদ হোসেন পাটওয়ারী, সিনিয়র সহকারী সচিব	চাঁদপুর, ফেনী, রাঙ্গামাটি
রাজশাহী বিভাগ (৮) হাবিবুন নাহার অতিরিক্ত সচিব	মোঃ মাহফুজার রহমান, যুগ্মসচিব	পাবনা, বগুড়া
	এ,জে,এম, এরশাদ আহসান হাবিব, যুগ্মসচিব	রাজশাহী, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ
	মোছাঃ মোরশেদা খাতুন, উপসচিব	নওগাঁ, নাটোর, সিরাজগঞ্জ
খুলনা বিভাগ (১০) মো: সবুর হোসেন অতিরিক্ত সচিব	মোঃ হাসিবুল মাহমুদ, উপসচিব	খুলনা, বাগেরহাট, সাতক্ষীরা
	মো: নাজমুল হামিদ রেজা, উপসচিব	চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, নড়াইল
	মোঃ মাসুদুর রহমান মাসুদ, উপসচিব	যশোর, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর
বরিশাল বিভাগ (৬) মো: সবুর হোসেন, অতিরিক্ত সচিব	মোঃ জাহিদুল ইসলাম, যুগ্মসচিব	বরিশাল, ভোলা
	মোঃ মাছুদুর রহমান, উপসচিব	পটুয়াখালী, পিরোজপুর
	মো: আবুবক্কর সিদ্দিকী, সিনিয়র সহকারী সচিব	ঝালকাঠি, বরগুনা
সিলেট বিভাগ (৪) মোসাম্মাৎ জোহরা খাতুন অতিরিক্ত সচিব	মুহাম্মদ আবুল লাইছ, উপসচিব	সিলেট, মৌলভীবাজার হবিগঞ্জ, সুনামগঞ্জ
রংপুর বিভাগ (৮) হাবিবুন নাহার অতিরিক্ত সচিব	সাজ্জাদ হোসেন, যুগ্মসচিব	পঞ্চগড়, ঠাকুরগাঁও
	নাজনীন ওয়ারেস, যুগ্মসচিব	রংপুর, দিনাজপুর, লালমনিরহাট
	মো: আসাদুজ্জামান, যুগ্মসচিব	গাইবান্ধা, নীলফামারী, কুড়িগ্রাম
ময়মনসিংহ বিভাগ (৪) কে.এম আলী রেজা, অতিরিক্ত সচিব	তাহমিলুর রহমান, সিনিয়র সহকারি সচিব	জামালপুর, নেত্রকোনা, ময়মনসিংহ, শেরপুর

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট জেলা প্রশাসকদের সাথে যোগাযোগপূর্বক প্রত্যেক জেলার জেলা প্রশাসকের সভাপতিত্বে বিদ্যমান ' জেলা বিদ্যুৎ ব্যবস্থাপনা ও সাশ্রয় সমন্বয় কমিটি' এবং 'রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে জেলা পর্যায়ের কমিটি' এবং উপজেলা নির্বাহী অফিসারদের সভাপতিত্বে ' উপজেলা বিদ্যুৎ ব্যবস্থাপনা ও সাশ্রয় সমন্বয় কমিটি' এবং 'রুফটপ সোলার কর্মসূচি বাস্তবায়নে উপজেলা পর্যায়ের কমিটি' এর মাধ্যমে, বিদ্যুৎ বিতরণ সংস্থার স্থানীয় কার্যালয়ের সহযোগিতায় জেলা ও উপজেলার আওতাধীন সকল সরকারি দপ্তর/সংস্থার নিম্নোক্ত ছক অনুযায়ী স্থাপনা নির্বাচন, প্রয়োজনীয় তথ্য সংগ্রহ, তালিকা প্রণয়ন এবং সময়াবদ্ধ বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন।

ক্রমিক	জেলা	উপজেলা	প্রতিষ্ঠানের নাম	নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়/বিভাগ	স্থাপনার সংখ্যা	প্রতি স্থাপনার ছাদের ক্ষেত্রফল (বর্গফুট)	প্রতি স্থাপনার অনুমোদিত লোড (kW)	প্রতি স্থাপনায় বাস্তবায়নযোগ্য সৌরবিদ্যুৎ ব্যবস্থা (kW)	সম্ভাব্য স্থাপনের তারিখ	মন্তব্য
১										
২										
৩										

<u>কর্মকর্তাদের দায়িত্বপ্রাপ্ত জেলাসমূহে ২৮ ফেব্রুয়ারি ২০২৭ তারিখের মধ্যে রুফটপ সোলার স্থাপন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন করার লক্ষ্যে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করতে হবে:</u>

ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করবেন, উল্লিখিত ছকে তথ্য সংগ্রহ ও কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম সমন্বয় করবেন।

খ) তথ্য সংগ্রহ কার্যক্রম এবং সময়াবদ্ধ বাস্তবায়ন পরিকল্পনার অগ্রগতি সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত সচিবকে উল্লিখিত ছক অনুযায়ী প্রতি সপ্তাহে অবহিত করবেন এবং কোনো প্রতিবন্ধকতা বা সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিবকে অবহিত করবেন।

গ) সংশ্লিষ্ট অতিরিক্ত সচিবগণ তাঁদের আওতাধীন জেলাসমূহের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ১৫ ও ৩০ তারিখে সচিব, বিদ্যুৎ বিভাগকে লিখিতভাবে অবহিত করবেন। নবায়নযোগ্য জ্বালানি অনুবিভাগ সকল প্রতিবেদন সংরক্ষণ করবে।

ঘ) জাতীয় নবায়নযোগ্য জ্বালানি কৌশলপত্র, নেট মিটারিং গাইডলাইন, বিশেষ প্রণোদনা সহ বিদ্যুৎ বিভাগ কর্তৃক সময়ে সময়ে জারিকৃত সংশ্লিষ্ট পত্র, নির্দেশনা ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য দায়িত্বপ্রাপ্ত জেলা প্রশাসক এবং সংশ্লিষ্ট জেলার বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহের কর্মকর্তাদের অবহিত করবেন।

ঙ) অতিরিক্ত সচিবগণ তাঁদের আওতাধীন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে প্রয়োজন অনুযায়ী জেলার দায়িত্ব পুনঃবিন্যাস করতে পারবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

২১-০৯-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২৪১০৫৩৯৪৫
ইমেইল : re-2@pd.gov.bd

নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.০৫.০০০৯.২৬.৭৮/১ (৩৭)

তারিখ: ৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়।
৩। সিনিয়র সচিব/সচিব (সকল) (মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়কে উল্লিখিত কমিটিসমূহকে তথ্য সরবরাহের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৪। বিভাগীয় কমিশনার (সকল)।
৫। অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ।
৬। অতিরিক্ত সচিব , প্রশাসন অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ।
৭। অতিরিক্ত সচিব , বাজেট অনুবিভাগ , বিদ্যুৎ বিভাগ।
৮। অতিরিক্ত সচিব, আরএম এন্ড পিআর অনুবিভাগ, বিদ্যুৎ বিভাগ।

৯। চেয়ারম্যান/রেক্টর/মহাপরিচালক/ব্যবস্থাপনা পরিচালক (সকল দপ্তর/সংস্থা/কোম্পানি), বিদ্যুৎ বিভাগ (আওতাধীন জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়কে উল্লিখিত কমিটিসমূহের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা করার নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১০। যুগ্মসচিব, কোম্পানি এ্যাফেয়ার্স অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।
১১। যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।
১২। যুগ্মসচিব, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।
১৩। যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা-১, বিদ্যুৎ বিভাগ।
১৪। যুগ্ম সচিব, গ্লোবাল ইস্যু অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।
১৫। যুগ্মসচিব, বাজেট অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।
১৬। যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা-৩, বিদ্যুৎ বিভাগ।
১৭। যুগ্মসচিব, নবায়নযোগ্য জ্বালানি অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।
১৮। যুগ্মসচিব, উন্নয়ন অধিশাখা-২, বিদ্যুৎ বিভাগ।
১৯। যুগ্মসচিব, পলিসি রিফর্ম অধিশাখা, বিদ্যুৎ বিভাগ।
২০। জেলা প্রশাসক (সকল) (উল্লিখিত কমিটিসমূহের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে সামগ্রিক কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ)।
২১। মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২৩। উপসচিব, উন্নয়ন শাখা -১, বিদ্যুৎ বিভাগ।
২৪। উপসচিব, উন্নয়ন শাখা-৬, বিদ্যুৎ বিভাগ।
২৫। উপসচিব, উন্নয়ন শাখা -৩, বিদ্যুৎ বিভাগ।
২৬। উপসচিব, নবায়নযোগ্য জ্বালানি-১ শাখা, বিদ্যুৎ বিভাগ।
২৭। উপসচিব, জ্বালানি দক্ষতা ও সংরক্ষণ-১ শাখা, বিদ্যুৎ বিভাগ।
২৮। উপসচিব, উন্নয়ন শাখা -৪, বিদ্যুৎ বিভাগ।
২৯। উপসচিব, উন্নয়ন শাখা -২, বিদ্যুৎ বিভাগ।
৩০। উপসচিব, প্রশাসন শাখা-১, বিদ্যুৎ বিভাগ।
৩১। উপসচিব, কোম্পানি এ্যাফেয়ার্স শাখা-১, বিদ্যুৎ বিভাগ।
৩২। উপসচিব, প্রশাসন শাখা-৩, বিদ্যুৎ বিভাগ।
৩৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) (উল্লিখিত কমিটিসমূহের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে সামগ্রিক কার্যক্রম বাস্তবায়নের অনুরোধসহ)।
৩৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩৫। সিনিয়র সহকারী সচিব, উন্নয়ন শাখা -৫, বিদ্যুৎ বিভাগ।
৩৬। সিনিয়র সহকারী সচিব, প্রশিক্ষণ শাখা, বিদ্যুৎ বিভাগ।
৩৭। অফিস কপি।

২১-০৯-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব